

আল-আম্বিয়া | Al-Anbiya | الْأَنْبِيَاء

আয়াতঃ ১১ : ১১

আরবি মূল আয়াত:

وَكَمْ قَصَمْنَا مِنْ قَرْيَةٍ كَانَتْ ظَالِمَةً وَأَنْشَأْنَا بَعْدَهَا قَوْمًا آخَرِينَ



অনুবাদসমূহ:

আমি কত জনবসতিকে ধ্বংস করেছি যারা ছিল যালিম এবং তাদের পর অন্য জাতি সৃষ্টি করেছি। — আল-বায়ান
কত জনপদ ছিল যেগুলোকে আমি পুরোপুরি ধ্বংস করে দিয়েছি যার অধিবাসীরা ছিল যালিম। তাদের পরে আমি অন্য জাতি সৃষ্টি করেছি। — তাইসিরুল

আমি ধ্বংস করেছি কত জনপদ যার অধিবাসীরা ছিল যালিম এবং তাদের পরে সৃষ্টি করেছি অপর জাতি। —
মুজিবুর রহমান

And how many a city which was unjust have We shattered and produced after it another people. — Sahih International

১১. আর আমরা ধ্বংস করেছি বহু জনপদ, যার অধিবাসীরা ছিল যালেম এবং তাদের পরে সৃষ্টি করেছি অন্য জাতি।

-

তাফসীরে জাকারিয়া

(১১) আমি কত জনপদ ধ্বংস করেছি। [1] যার অধিবাসীরা সীমালংঘনকারী ছিল এবং তাদের পরে অপর জাতি সৃষ্টি করেছি।

[1] **قَصَمَ** এর অর্থ ভেঙে চূর্ণ-বিচূর্ণ করা। আর **كَمْ** (কত) আধিক্য বর্ণনার জন্য ব্যবহৃত হয়েছে। অর্থাৎ কত বসতি আমি ধ্বংস করেছি, চূর্ণ-বিচূর্ণ করে দিয়েছি। যেমন তিনি অন্যত্র বলেছেন, নূহের পর আমি কত (মানব) বসতি ধ্বংস করেছি। (সূরা বানী ইসরাঈলঃ১৭)

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন